যুগান্তর

তারিখ ... 12 MAR 2009
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৮

# মাদ্রাসায় আধুনিক শিক্ষার বিষয়গুলোকেও গুরুত্ব দেয়া হবে : শিক্ষামন্ত্রী

যুগান্তর রিপোর্ট

শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, সরকার মাদ্রাসা শিক্ষাকে আধুনিক ও যুগোপযোগী করার লক্ষ্যে ধর্মীয় শিক্ষার পাশাপাশি আধুনিক কর্মমুখী শিক্ষার বিষয়গুলোকেও গুরুত্ব দেবে। বুধবার মন্ত্রণালয়ের সভাকক্ষে বাংলাদেশ আনজুমানে আল ইসলাহ প্রতিনিধিদলের সঙ্গে সাক্ষাৎকালে মন্ত্রী এসব কথা বলেন।

মাওলানা মুহাম্মদ হুছামুদ্দীন চৌধুরী ফুলতলীর নেতৃত্বে প্রতিনিধি দলটি শিক্ষামন্ত্রীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ন্যায় মাদ্রাসা শিক্ষার জন্য স্বতন্ত্র আরবি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা, মাদ্রাসার শিক্ষক নিয়োগ পদ্ধতি, শিক্ষকদের বেতন বৈষম্য দূরীকরণ, সিলেবাস সংশোধন ও শিক্ষকদের পর্যাপ্ত প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের দাবি জানান।